



বৈশাখী মেলা

স্পট : টোকিও

আজ পহেলা বৈশাখ, ১৪০৯ সাল। স্বাগত নতুন বছর। নতুনের অভিক্ষেপের দিন পহেলা বৈশাখ। টোকিওতে এবারও সাড়ম্বরে পালিত হচ্ছে বৈশাখী মেলা। বছর চারেক আগে ক'জন সাংস্কৃতিক কর্মীর কৌতুহল আর উদ্যোগে শুরু হয়েছিল প্রথম বৈশাখী মেলা। আজ তা বিশাল অবয়ব পেয়েছে এবং তা পূর্ণতায় ছেয়ে গেছে। শুধু টোকিও নয়, দূর-দূরান্ত থেকে প্রবাসীরা ছুটে আসে এই মিলন মেলায়। ভেন্যু হিসেবে ইকেবুকুরো নিশিগুচি পার্ক সত্যিই চমৎকার। টোকিও বৈশাখী মেলা নিয়ে এবারের '২৪ ঘণ্টা' প্রতিবেদন পাঠিয়েছেন টোকিও থেকে কাজী ইনসানুল হক ও আরিফুর রহমান মাসুদ

সকাল ৯.০০ : ইকেবুকুরো স্টেশনে পৌঁছে



West Exit ধরে হাঁটছি। বিশাল স্টেশনে Under floor থেকে উঠতেই পাঁচ মিনিট ব্যয় হয়।

বেরুতেই চোখে পড়লো নিশিগুচি কোয়েন অর্থাৎ West exit park. এ পার্কটা বিখ্যাত অবসরে আড্ডাপ্রেমীদের জন্য। তাছাড়া এই পার্কের নামেই একটি অত্যন্ত জনপ্রিয় টিভি সিরিয়াল তরুণদের হৃদয় জয় করেছিল। পার্কে অনেক স্বদেশী, ইতস্তত হাঁটছে। অসংখ্য চেয়ার, বেঞ্চ, তাঁবুর সরঞ্জাম সারা মাঠ জুড়ে পড়ে আছে। 'স্বাগতম বৈশাখী মেলা' লেখা গেট পেরুতেই মুখোমুখি হলাম মশিউরের। মশিউর রহমান পারভেজ সৌখিন ফটো-সাংবাদিক হলেও বিখ্যাত ফটোগ্রাফার। জাপানের বিখ্যাত 'ইওমিরি শিমবুনে ওর তোলা ছবি দু' দবার পুরস্কৃত হয়েছে। সারা জাপানে ওর ছবি প্রদর্শিত হয়েছে। সারা মাঠ জুড়ে তাঁবু টানানোর তোড়জোড় চলছে। সবাই যার যার স্টল সাজাচ্ছেন। প্রবাসী কল্যাণ পরিষদের রহমান মনিকে বেশ দক্ষ

মনে হচ্ছে। ঝটপট নিজেদের তাঁবু খাটিয়ে অন্যদের সহযোগিতা করছেন। 'হারা লেদার'-এর স্টলের জায়গায় দেখা যাচ্ছে

কেউই নেই, তাঁবু খাটানোর কোনো আয়োজনও নেই। পরিপাটি পোশাকে একজন দাঁড়িয়ে আছেন। কাছে যেতেই অভিযোগ



শাডিতে জাপানি তরুণীরা